

মডেল অ্যাক্টিভিটি টাস্ক
পরিবেশ ও ভূগোল
অষ্টম শ্রেণি

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :

১.১ ঠিক জোড়াটি নির্বাচন করো।

- ক) অন্তঃকেন্দ্রমণ্ডল — পদার্থের তরল অবস্থা
- খ) বহিঃকেন্দ্রমণ্ডল — পদার্থের ঘনত্ব সর্বাধিক
- গ) অ্যাস্থেনোস্ফিয়ার — পরিচলন স্রোতের সৃষ্টি
- ঘ) ভূত্বক — লোহা ও নিকেলের আধিক্য

১.২ রকি ও আন্দিজ পর্বতমালার সৃষ্টি হয়েছে —

- ক) মহাসাগরীয় — মহাসাগরীয় অপসারী পাতসীমানা বরাবর
- খ) মহাসাগরীয় — মহাসাগরীয় অভিসারী পাতসীমানা বরাবর
- গ) মহাদেশীয় — মহাদেশীয় অভিসারী পাতসীমানা বরাবর
- ঘ) মহাদেশীয় — মহাসাগরীয় অভিসারী পাতসীমানা বরাবর

১.৩ উত্তর ভারতের স্থলভাগের সীমানা রয়েছে —

- ক) পাকিস্তান ও শ্রীলঙ্কার সঙ্গে
- খ) নেপাল ও ভুটানের সঙ্গে
- গ) বাংলাদেশ ও ভুটানের সঙ্গে
- ঘ) মায়ানমার ও শ্রীলঙ্কার সঙ্গে

২. একটি বা দুটি শব্দে উত্তর দাও :

- ২.১ কোন যন্ত্রের সাহায্যে ভূমিকম্পের তীব্রতা পরিমাপ করা হয়?
- ২.২ কোন প্রকার শিলার স্তরে খনিজ তেল পাওয়া যায়?
- ২.৩ ভারতের কোন প্রতিবেশী দেশ মশলা উৎপাদনে বিখ্যাত?

৩. সংক্ষিপ্ত উত্তর দাও :

- ৩.১ ভূ-অভ্যন্তরের কোন স্তরে কীভাবে পৃথিবীর চৌম্বক ক্ষেত্রের সৃষ্টি হয়েছে?
- ৩.২ অভিসারী পাতসীমানাকে কেন বিনাশকারী পাতসীমানা বলা হয় তা উদাহরণসহ ব্যাখ্যা করো।

৪. উদাহরণসহ উৎপত্তি অনুসারে আগ্নেয়শিলার শ্রেণিবিভাগ করো।